"প্রত্যাগত অভিবাসী
ফিরে এসেও পাশে আছি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
Recovery & Advancement of Informal Sector Employment (RAISE):
Reintegration of Returning Migrants Project
ওয়েলফেয়ার সেন্টার, বগুড়া
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
বাড়ি নং-১৫, উপশহর প্রধান সড়ক, উপশহর, বগুড়া
wc.bogra@wewb.gov.bd

seen
27/11/2024
আমিনুল ইসলাম
অধ্যক্ষ
বিয়াম ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ

নম্বর: ৪৯.০৪.১০০০.০০১.০০০.১৬.০০১৫.২৪/৯০ তারিখ: ২৪ নভেম্বর ২০২৪ ইং

সূত্র: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০৭৬.২৪-৩৭; তারিখ: ১০/১১/২০২৪ খ্রি:।

**বিষয়ঃ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহব্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২৪ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা কোর্সে (১ম সেমিস্টার বর্ষে) অধ্যয়নরত এবং ২০২৩ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজে (১মসেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত তাদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহব্বান সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি গত ১০/১১/২০২৪ ইং তারিখে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ হতে ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০৭৬.২৪-৩৭ নং স্মারকে মাধ্যমে প্রকাশ করা হয়েছে।

এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি-২০২৪ এর বিজ্ঞপ্তিটি আপনার প্রতিষ্ঠানে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণানা মতে ০১ পাতা।

২৪/১১/২৪
( মোঃ আনিছুর রহমান )
সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত )
ওয়েলফেয়ার সেন্টার বগুড়া।
ফোন- +৮৮ ০২-৫৮৯৯০৫৭৮৪
ই-মেইল: wc.bogra@wewb.gov.bd

অধ্যক্ষ,
বিয়াম ল্যাবরেটরি স্কুল ও কলেজ,
বগুড়া।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. প্রকল্প পরিচালক, রেইজ প্রকল্প, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ( প্রকল্প পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য )।

০২. জেলা প্রশাসক, বগুড়া। ( জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য ) ।

০৩. অফিস কপি/২০২৪।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০৭৬.২৪-৩৭ তারিখ: ২০ নভেম্বর ২০২৪

**এসএসসি/সমমান-২০২৪ ও এইচএসসি/সমমান-২০২৩ ক্যাটাগরিতে প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান।**

প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২৪ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা কোর্সে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত এবং ২০২৩ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

শর্তাবলি:

**(১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-**

(ক) বিএমইটি'র ডাটাবেজের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র গ্রহণকারী অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণকারী প্রবাসী কর্মীর সন্তান;

(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন এমন মৃত প্রবাসী কর্মীর সন্তান।

**(২) নিম্নোক্ত ছকে বর্ণিত শর্তসাপেক্ষে শিক্ষার্থী আবেদন করতে পারবে-**

| ক্রম | ক্যাটাগরি | বিভাগ | বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ | |
|---|---|---|---|---|
| | | | (ক) প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে | (খ) প্রবাসে মৃত কর্মীর সন্তানের ক্ষেত্রে |
| ০১ | এসএসসি/সমমান ২০২৪ | বিজ্ঞান বিভাগ | ৫.০০ | ৪.০০ |
| | | মানবিক ও বাণিজ্য বিভাগ | ৪.৭৫ | ৪.০০ |
| ০২ | এইচএসসি/সমমান ২০২৩ | বিজ্ঞান বিভাগ | ৪.৮০ | ৪.০০ |
| | | মানবিক ও বাণিজ্য বিভাগ | ৪.৫০ | ৪.০০ |

**(৩) আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি মূলকপি হতে স্ক্যান করে স্ক্যান কপি আপলোড করতে হবে: (অবশ্যই সাদা ব্যাকগ্রাউন্ড Image(.jpeg) ফরমেট হতে হবে)**

ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে (BMET বহির্গমন ছাড়পত্র/WEWB সদস্যপদ সম্বলিত) পাসপোর্ট এর কপি;

খ) শিক্ষার্থীর ০১ (এক) কপি ছবি (height×width : ৩০০×৩০০ পিক্সেল);

গ) শিক্ষার্থীর স্বাক্ষর (height×width : ৮০×৩০০ পিক্সেল);

ঘ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র; (height×width : ৮"×৬")

ঙ) প্রবাসে মৃত কর্মীর সন্তানের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ) এর কপি। (height×width : ৮"×৬")

চ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন/NID কার্ড এর কপি। (height×width : ৮"×৬")

**(৪) শিক্ষাবৃত্তি প্রদানের মেয়াদ:**

ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২(দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের জন্য ০৪ (চার) বছর; এবং

খ) এইচএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে ৩(তিন) বছর/স্নাতক (সম্মান) পর্যায়ে ৪(বছর) ও মেডিকেলের জন্য ৫ বছর বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না।

**(৫) অনলাইনে আবেদনের প্রক্রিয়া:**

ক) সকল শিক্ষার্থীকে অনলাইনে আবেদন করতে হবে, অনলাইনে আবেদনের জন্য www.wewb.gov.bd **অথবা** **http://stipen.wewb.gov.bd/stipend** লিংকে ভিজিট করুন।

খ) অনলাইনে আবেদনের সময়সীমা: **২৫ নভেম্বর হতে ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত।**

(৬) শর্তাবলি:

(ক) শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং মাতা/পিতা/অভিভাবক এর মোবাইল নম্বর অবশ্যই আবেদনে উল্লেখ করতে হবে।

(খ) প্রবাসী কর্মীর পাসপোর্টে উল্লিখিত নামের সাথে আবেদনকারীর সনদে উল্লিখিত পিতা/মাতার নামের গরমিল পরিলক্ষিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

(গ) শিক্ষাবৃত্তির আবেদন শুধুমাত্র অনলাইনে করতে হবে, সরাসরি বা ডাকযোগে আবেদন গ্রহণ করা হবে না।

(ঘ) অসম্পূর্ণ এবং ভুল তথ্য প্রদানকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঙ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ২৪/৭ "প্রবাসবন্ধু কলসেন্টার" এর দেশ থেকে ১৬১৩৫ (টোল ফ্রি) এবং বিদেশ থেকে +৮৮০৯৬১০১০২০৩০ নম্বরে যোগাযোগ করা যাবে।

২০/১১/২৪

(মোঃ গিয়াস উদ্দিন)
যুগ্মসচিব
পরিচালক (আইআরপি)

প্রত্যাগত অভিবাসী, ফিরে এলেও পাশে আছি

বিয়াম ল্যাবরেটরি স্কুল ও কলেজ,

বগুড়া।

**Recovery and Advancement of**
**Informal Sector Employment (RAISE):**
Reintegration of Returning Migrants Project

**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.wewb.gov.bd